শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৯১০০.০১৭.৯৯.০০৪.২১- ২০৬

তারিখ : ০৮ চৈত্র, ১৪২৮
২২ মার্চ, ২০২২

বিষয় : ইউনিয়ন পরিষদ নির্বাচন সংক্রান্ত।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর স্মারক নং-৩৪, তারিখ: ০২/০২/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলার ০৫নং বুধবারী বাজার ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হলে ০৫নং বুধবারী বাজার ইউনিয়নের সাথে পার্শ্ববর্তী ০৯নং পশ্চিম আমুড়া ইউনিয়নের অধিবাসীদের মধ্যে কোন অসন্তোষ কিংবা আইন-শৃংখলা পরিস্থিতি অবনতি হওয়ার সম্ভাবনা নেই মর্মে জেলা প্রশাসক, সিলেট মতামত প্রদান করেছেন (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলার ০৫নং বুধবারী বাজার ইউনিয়ন পরিষদ নির্বাচন আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

22.03.22

(জেসমীন প্রধান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪
Email : lgup1@lgd.gov.bd

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
বাংলাদেশ নির্বাচন কমিশন
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি: (জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, সিলেট।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
স্থানীয় সরকার শাখা
www.sylhet.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৯.০৪.১১২.২১.৩৪

তারিখ: ১৯ মাঘ ১৪২৮
০২ ফেব্রুয়ারি ২০২২

**বিষয়: জনাব মোঃ এমদাদুর রহমান, পিতা: সিকান্দর আলী, গ্রাম: বহরগ্রাম, ০৫নং বুধবারী বাজার ইউনিয়ন পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট-এর আবেদনের প্রেক্ষিতে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: (১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোলাপগঞ্জ, সিলেট-এর ২৫.০১.২০২২ তারিখের ০৫.৪৬.৯১৩৮.০০০.০২.০০১.২১.৬৩ নম্বর স্মারক
(২) এ কার্যালয়ের ০৮.১২.২০২১ তারিখের ০৫.৪৬.৯১০০.০০৯.৯৯.০০৩.১৬.৭৪৫ নম্বর স্মারক
(৩) স্থানীয় সরকার বিভাগের ০৬.১২.২০২১ তারিখের ৪৬.০০.৯১০০.০১৭.৯৯.০০৪.২১.১০১৭ নম্বর স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব এমদাদুর রহমান, পিতা: সিকান্দার আলী, গ্রাম: বহরগ্রাম, ডাকঘর: বহরগ্রাম, উপজেলা: গোলাপগঞ্জ, জেলা: সিলেট এর আবেদনের প্রেক্ষিতে ৩নং সূত্রোস্থ স্মারকে সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলার ৫নং বুধবারী বাজার ইউনিয়নের সাথে পার্শ্ববর্তী ৯নং পশ্চিম আমুড়া ইউনিয়নের সীমানা জটিলতা এবং স্থানীয়দের মধ্যে বিরাজমান উত্তেজনার বিষয়ে তদন্তপূর্বক মতামত প্রদানের জন্য জেলা প্রশাসক, সিলেট কে অনুরোধ করা হয়। তদপ্রেক্ষিতে ২নং সূত্রোস্থ স্মারকে সরেজিমন তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট বরাবর পত্র প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোলাপগঞ্জ, সিলেট হতে ১নং সূত্রোস্থ স্মারকে মতামতসহ প্রতিবেদন এ কার্যালয়ে পাওয়া যায়।

২। প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, গত ২০/০১/২০২২ তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় বুধবারী বাজার ইউনিয়ন পরিষদে উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট কর্তৃক সরেজমিন তদন্তকার্য পরিচালনা করা হয়। তদন্তকালে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও অত্র এলাকার ৭০/৮০ টি পরিবারের সদস্যগণ উপস্থিত ছিলেন। উক্ত এলাকার ৮০টি পরিবারের সকল সদস্য জানান যে, তারা নদীভাঙ্গনের কারণে ৯নং পশ্চিম আমুড়া ইউনিয়েনর অধিভুক্ত জায়গায় বসবাস করলেও বিগত দিনে ৫নং বুধবারী বাজার ইউনিয়নের বাসিন্দা হিসেবে ভোটাধিকার প্রয়োগ করে আসছেন ও একইভাবে আগামীতে ভোট দিতে চান। তবে অভিযোগকারী তদন্তকালে অনুপস্থিত ছিলেন এবং তিনি মুঠোফোনের মাধ্যমে উক্ত এলাকার বসবাসরত পরিবারসমূহের সাথে একমত পোষণ করেন। প্রতিবেদনে আরও দেখা যায়, বুধবারী বাজার ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠিত হলে দু'টি ইউনিয়নের অধিবাসীদের মধ্যে কোন অসন্তোষ কিংবা আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবনতি হওয়ার সম্ভাবনা নেই।

৩। এমতাবস্থায়, সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলার নির্বাহী অফিসারের প্রতিবেদনের সাথে একমত পোষণ করে ইহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১৮ পাতা

ডাইরী নং ৪১৫৫ তারিখ ৮/২
প্রয়োজনীয় কার্যার্থে/জ্ঞাতার্থে প্রেরিত হইল
ইপ ১/২ শাখা
প্রশাসন-১/২ শাখা
অতিরিক্ত সচিব (ইপ)
স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) আডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নম্বরঃ
তারিখঃ ৭/২/২২

২/২/২০২২
মোঃ মজিবর রহমান
জেলা প্রশাসক
সিলেট
ফোন: ৭১৬১০০
ইমেইল: dcsylhet@mopa.gov.bd

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ ০৭/২/২২
নম্বর ৬৫৮

২১০০০৮৫২২০১২৬/০৬৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোলাপগঞ্জ, সিলেট
www.unogolapganj.sylhet.gov.bd

স্মারক নম্বর -০৫.৪৬.৯১৩৮.০০০.০২.০০১.২১ -৬৬

তারিখ: ২৫/০১/২০২২ খ্রি.

বিষয় : ০৫ নং বুধাবরীবাজার ইউনিয়ন ও ০৯ নং পশ্চিম আমুড়া ইউনিয়নের সীমানা জটিলতা সংক্রান্ত তদন্ত প্রতিবেদন।

সূত্র :স্মারক নম্বর ০৫.৪৬.৯১০০.০০৯.৯৯.০০৩.১৬.৭৪৫ তারিখ ০৮ ডিসেম্বর ২০২১ খ্রি.

উপর্যুক্ত বিসয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গোলাপগঞ্জ উপজেলাধীন ০৫ নং বুধবারীবাজার ইউনিয়ন ও ০৯ নং পশ্চিম আমুড়া ইউনিয়নের সীমানা সংক্রান্ত জটিলতা রয়েছে উল্লেখ করে ০৫ নং বুধবারীবাজার ইউনিয়নের নির্বাচন স্থগিত রাখার জন্য জনাব এমদাদুর রহমান, পিতা- সিকান্দার আলী, গ্রাম- বহরগ্রাম, ডাকঘর- বহরগ্রাম, বুধবারীবাজার, গোলাপগঞ্জ, সিলেট কর্তৃপক্ষ বরাবর আবেদন দাখিল করেন। উল্লিখিত বিষয়ে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রে বর্ণিত স্মারকমূলে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ২০/০১/২০২২ খ্রি. তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় বুধবারীবাজার ইউনিয়ন পরিষদে সরেজমিন তদন্ত করা হয়। তদন্তকালে ০৫ নং বুধবারীবাজার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্যবৃন্দ, ০৫ নং বুধবারীবাজার ইউনিয়ন পরিষদ ও ০৯ নং পশ্চিম আমুড়া ইউপি সচিবগণ এবং তর্কীয় এলাকার ৭০/৮০ টি পরিবারের সদস্যগণ উপস্থিত ছিলেন। উক্ত সময় আবেদনকারী উপস্থিত হন নাই তবে তিনি মুঠোফোনে জানান উক্ত তর্কীয় এলাকায় বসবাসরত পরিবারসমূহের সাথে তিনি একমত পোষণ করেন। উপস্থিত তর্কীয় এলাকার ৮০টি পরিবারের সকল সদস্য জানান যে, তারা নদীভাঙ্গনের কারণে ০৯ নং পশ্চিম আমুড়া ইউনিয়নের অধিভুক্ত জায়গায় বসবাস করলেও বিগত দিনে ০৫ নং বুধবারীবাজার ইউনিয়নের বাসিন্দা হিসেবে ভোটাধিকার প্রয়োগ করে আসছেন ও একইভাবে আগামীতে ভোট দিতে চান।

০৩। তদন্তক্রমে বুধবারীবাজার ইউনিয়ন এবং ০৯ নং পশ্চিম আমুড়া ইউনিয়নের পরস্পর পার্শ্ববর্তী এলাকার অধিবাসীদের লিখিত মৌখিক বক্তব্য মতে সার্বিক পর্যালোচনায় দেখা যায় বুধবারীবাজার ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠিত হলে দু'টি ইউনিয়নের অধিবাসীদের মধ্যে কোন অসন্তোষ কিংবা আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবনতি হওয়ার সম্ভাবনা নেই। ইহা মহোদয়ের সদয় অবগতি ও ব্যবস্থা গ্রহণের জন্য এ প্রতিবেদন প্রেরণ করা হল।

সংযুক্ত : ৩৪ (চৌত্রিশ) পাতা

২৫/০১/২০২২

(মোঃ গোলাম কবির)
উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট
e-mail: unogolapganj@mopa.gov.bd

জেলা প্রশাসক
সিলেট

দৃষ্টি আকর্ষণ: উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট

জেলা প্রশাসকের কার্যালয় সিলেট

| পত্র ৪৬ | তারিখ ২৫/১/২২ |
|---|---|
| ডিডিএলজি | যাচাইপূর্বক পেশ করুন |
| (জেনারেল) | তদন্তপূর্বক ব্যবস্থা নিন |
| (রেভিনিউ) | জরুরী পেশ করুন |
| (শিক্ষা ও আইসিটি) | নথিভুক্ত করুন |
| | বিধি মোতাবেক মতামত দিন |
| | প্রস্তাব করুন |
| | ব্যবস্থা নিন |
| অন্য ............ | জে.প্র. |